

১০
০৬.০৩.২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
প্রশাসন-২ অধিশাখা
শেরে বাংলা নগর, ঢাকা

বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় উদযাপন সংক্রান্ত কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী

সভাপতি	: মির্জা ফাতিমা ইয়াসমিন সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
সভার তারিখ ও সময়	: ২৬ ফেব্রুয়ারী, ২০২০ খ্রি; সকাল: ১১:০০ টা
সভার স্থান	: এনইসি-২ সম্মেলন কক্ষ
উপস্থিত কর্মকর্তার তালিকা	: সংযোজনী-ক.

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে গৃহীত কর্মপরিকল্পনা সফলভাবে বাস্তবায়নের জন্য এ সংক্রান্ত একটি সভা অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সচিব মির্জা ফাতিমা ইয়াসমিন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভাপতি সভায় জানান, আগামী ১৭ মার্চ, ২০২০ হতে ২৬ মার্চ, ২০২১ সময়কে ‘মুজিব বর্ষ’ হিসেবে ঘোষণা করা হয়েছে। এ সময়ব্যাপী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপিত হবে। এ উপলক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ কর্তৃক গৃহীত কর্মপরিকল্পনা/কর্মসূচি উপস্থাপনের জন্য যুগ্ম-সচিব (প্রশাসন) কে অনুরোধ জানান। তিনি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক প্রেরিত পত্রের নির্দেশনা তুলে ধরেন। বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ হতে প্রাপ্ত প্রস্তাবসমূহ পর্যালোচনা ও পরীক্ষা করে জাতীয়ভাবে গুরুত্বপূর্ণ বিবেচিত প্রস্তাবসমূহ নিয়ে একটি সমন্বিত কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়, যা মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়েছে। উক্ত সমন্বিত জাতীয় কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত ‘বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উন্নয়ন ভাবনা’ ও ‘বঙ্গোন্নত দেশ হতে বাংলাদেশের উন্নয়নশীল দেশে উত্তরণের চূড়ান্ত ধাপ অতিক্রম উদযাপন’ সংক্রান্ত দুটি কর্মসূচি বাস্তবায়নের জন্য এ বিভাগ কে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের দায়িত্ব প্রদান করা হয়েছে। এছাড়া অর্থনৈতিক সম্পর্ক বিভাগ জাতির পিতার জন্মশতবার্ষিকী উদযাপন সংক্রান্ত নিজস্ব কর্মসূচি প্রণয়নসহ মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় ও পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক গৃহীত সংশ্লিষ্ট কর্মসূচি বাস্তবায়নে সহযোগিতা প্রদান করবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনাক্রমে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

১. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে গৃহীত সকল কর্মপরিকল্পনা/কর্মসূচি সুষ্ঠু, সুন্দর ও সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে এ বিভাগের সচিব এর নেতৃত্বে সকল অনুবিভাগ প্রধান ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সমন্বয়ে একটি কোর-কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়।
২. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটির কর্মপরিকল্পনার অংশ হিসেবে ‘বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উন্নয়ন ভাবনা শীর্ষক’ আলোচনা অনুষ্ঠান ও

আনুষঙ্গিক কার্যাবলী অর্থনৈতিক বিভাগ কর্তৃক সফলভাবে আয়োজনের লক্ষ্যে একটি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়।

৩. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটির কর্মপরিকল্পনার অংশ হিসেবে ‘স্বল্পোন্নত দেশ হতে বাংলাদেশের উত্তরণের চূড়ান্ত ধাপ অতিক্রম উদযাপন’ সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নের জন্য অনুবিভাগ প্রধান (ডিই)- কে আহ্বায়ক করে একটি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত কমিটি এ বিষয়ে প্রয়োজনীয় পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করবে।
৪. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে এ বিভাগে একটি মুজিব কর্ণার স্থাপনসহ নিজস্ব কর্মপরিকল্পনা প্রণয়ন বাস্তবায়নের জন্য আলাদা একটি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে গৃহীত সকল কর্মসূচি সফলভাবে বাস্তবায়নে এ বিভাগের সকল কর্মকর্তা/কর্মচারীকে সহযোগিতা প্রদানসহ স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের আহ্বান জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
ফাতিমা ইয়াসমিন
সচিব
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

স্মারক নং-০৯.০০.০০০০.০৭৫.১৯.০০২.১৯- ১ ৬৭

তারিখ: ০৪ মার্চ ২০২০ খ্রি:

বিতরণ (সেদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য) :

১. অনুবিভাগ প্রধান (সকল), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
২. যুগ্ম-সচিব (সকল), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
৩. উপসচিব/উপপ্রধান (সকল), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
৪. সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান (সকল), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
৫. সচিবের একান্ত সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
৬. সহকারী সচিব/সহকারী প্রধান (সকল), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
৭. আইসিটি সেলের সকল কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
৮. অফিস কপি

এ.কে.এম শাহাবুদ্দিন
যুগ্ম-সচিব (প্রশাসন)
(ছুটিকালীন প্রতিভূ)
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ